২৪৪ 46

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 MAR 1995 ..
পৃষ্ঠা ১২ কলাম ৩

## চট্টগ্রাম ভার্সিটির বিভিন্ন পরীক্ষার সময়সূচী

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সমাজতত্ত্ব বিভাগের ১৯৯১ সনের এম,এস,-এস (শেষ পর্ব) পরীক্ষার্থীদের টারমিনাল পরীক্ষা আগামী ২৫শে

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

( শেষ পৃঃ পর )

মার্চ শনিবার সকাল ১১টায় অনুষ্ঠিত হইবে।

২৩শে মার্চ অনুষ্ঠিতব্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯২ সালের ৩য় বর্ষ ডিগ্রী অনার্স বিষয়ের বাংলা ৮ম পত্র ও সমাজতত্ত্ব দ্বাদশ পত্রের পরীক্ষা অনিবার্য কারণবশতঃ ২৭শে মার্চ বেলা ১টায় অনুষ্ঠিত হইবে। অন্যান্য বিষয়ের পরীক্ষার তারিখ অপরিবর্তিত থাকিবে।

### ভর্তি সম্পর্কে সংশোধনী

১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিভিন্ন অনার্স বিষয়ে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ইতিপূর্বে যে ভর্তি বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রচার করা হইয়াছিল তথায় কিছু ভুল থাকায় উহা নিম্নরূপভাবে সংশোধন করা হইয়াছে। উক্ত ভর্তি বিজ্ঞপ্তির "ভর্তির ন্যূনতম যোগ্যতা সম্পর্কিত ক্রমিক ২ (ক) এর প্রথম লাইনে উচ্চ মাধ্যমিক/আলীম পরীক্ষা পাসের বৎসর ১৯৯৪ বা, ১৯৯৫ সালের স্থলে ১৯৯৩ বা ১৯৯৪ সাল হইবে"। ভর্তি বিজ্ঞপ্তির "বনবিদ্যা ইনষ্টিটিউটে ভর্তি সম্পর্কিত ক্রমিক ৫(১) (গ) এ উল্লেখিত ৪র্থ বিষয় হিসাবে গণিত বা জীববিজ্ঞান বিষয়ে কমপক্ষে শতকরা ৪৫ নম্বর পাইতে হইবে ইহার স্থলে হইবে ৪র্থ বিষয় হিসাবে গণিত/পরিসংখ্যান বা জীব বিজ্ঞান বিষয়ে কমপক্ষে শতকরা ৪৫ ভাগ নম্বর পাইতে হইবে। —প্রেস বিজ্ঞপ্তি